



ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ

ব্যবস্থাপনা পরিচালকের কার্যালয়
জনতথ্য বিভাগ



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং : ৪৬.১১৩.১০৩.০০.০০.০৩৯.২০১৫/১২৮৭

তারিখঃ ১২/০৩/২০২১

বার্তা সম্পাদক
দৈনিক প্রথম আলো
ঢাকা।

বিষয়ঃ প্রকাশিত সংবাদের পরিপ্রেক্ষিতে ঢাকা ওয়াসার বক্তব্য।

১২ মার্চ, ২০২১ তারিখে আপনাদের “দৈনিক প্রথম আলো” পত্রিকায় “বসছে ওয়াসার পাম্প, তাই একমাস ধরে পানি নেই” শিরোনামে প্রকাশিত সংবাদটি ঢাকা ওয়াসার দৃষ্টি গোচর হয়েছে। এ বিষয়ে ঢাকা ওয়াসার বক্তব্য নিম্নরূপঃ

প্রকাশিত সংবাদটি বাস্তবতার সাথে সাংঘর্ষিক এবং পানি সরবরাহের মতো সেবাদান সংস্থার নিরলস কার্যক্রমের প্রতি কটাক্ষ স্বরূপ। এরূপ একটি স্পর্শকাতর বিষয়ে প্রতিবেদন তৈরির পূর্বে প্রতিবেদকের উচিত ছিল কর্তৃপক্ষের সাথে বিস্তারিত আলাপ করে প্রকৃত বিষয় জেনে নেয়া। যাহোক, আপনাদের পরিবেশিত সংবাদ মারফত জানা যায় যে, ঢাকার আদাবরের শেখেরটেক কয়েকটি সড়কের বাসিন্দারা প্রায় একমাস ধরে পানির সংকটে ভুগছেন। সময়ের পরিমাপক না ধরলে তথ্যটি সঠিক। তবে কিছু সড়কে ২/৩ দিন পর পর পানি পাচ্ছেন না - এ তথ্যটি সঠিক নয়। প্রকৃত বিষয় হচ্ছে এই যে, পিসি কালচার-১ পানির পাম্পের মাধ্যমে শেখেরটেক এলাকায় পানি সরবরাহ করা হয়। এই কম্পাউন্ডের ২ টি পাম্পের পানির স্তর (ওয়াটার একুইফায়ার লেভেল) নীচে নেমে যাওয়ার দরুন পানির উৎপাদন দারুনভাবে কমে যায়। ফলে চাহিদা মোতাবেক পানি সরবরাহের স্বার্থে ২ টি পাম্প পুনঃস্থাপন অত্যাবশ্যিক হয়ে পড়ে। গ্রাহকদের কথা মাথায় রেখে দ্রুততম সময়ে পাম্প বসানোর কাজে হাত দেয়া হয়। কিন্তু পাম্প বসানোর জন্য ১৮০ ফিট খনন (ড্রিলিং) করার পর অপ্রত্যাশিতভাবে মাটির নমনীয়তার কারণে তা ভেঙ্গে পড়ে। ফলে বাধ্য হয়ে ঢাকা ওয়াসাকে আবার খননকাজ শুরু করতে হয়। গ্রাহকদের দুর্ভোগের কথা মাথায় রেখে তিন শিফটে ২৪ ঘন্টা কাজ চলমান আছে। ঢাকা ওয়াসার এতদবিষয়ে দক্ষ প্রকৌশলীবৃন্দ সার্বক্ষণিক পাম্প স্থাপনের কাজ মনিটরিং করছেন। অচিরেই এ সমস্যার সমাধান হবে বলে আশা করা যাচ্ছে। এ সময়ের মধ্যে ২/৩ টি সড়কে যে সকল সন্মানিত গ্রাহক নিরবছিন্ন পানি পাচ্ছেন না, তাদেরকে পানির গাড়ির মাধ্যমে পানি সরবরাহ করা হচ্ছে। পানি সংক্রান্ত যে কোন অভিযোগের জন্য গ্রাহকদেরকে ঢাকা ওয়াসার কল সেন্টার ১৬১৬২ এ অভিযোগ জানাতে বলা হচ্ছে। কোন অনিয়মের বিষয়ে অকাত্য অভিযোগ পেলে সেই কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে তাৎক্ষণিক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। এ বিষয়ে ঢাকা ওয়াসার অবস্থান পরিষ্কার-স্বন্য সহিষ্ণুতা।

এমতাবস্থায়, ঢাকা ওয়াসার বক্তব্যটি আপনাদের “দৈনিক প্রথম আলো” পত্রিকার পরবর্তী সংখ্যায় হুবহু একই কলামে প্রকাশ করার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হ'ল।

ব্যবস্থাপনা কর্তৃপক্ষের পক্ষে
এ. এম. মোস্তফা ভায়েক
উপ প্রধান জনতথ্য কর্মকর্তা
ঢাকা ওয়াসা।